অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

আপস্টেট নিউ ইয়র্কের কিছু অংশে তীব্র লেক ইফেক্ট তুষারপাত হওয়ার পূর্বাভাসের আগেই গভর্নর হোকলের জরুরি অবস্থা ঘোষণা

বুধবার সন্ধ্যা থেকে শুরু করে রবিবার পর্যন্ত বাফেলো এবং ওয়াটারটাউন এলাকায় কয়েক ফুট তুষারপাত হবে বলে আশংকা করা হচ্ছে

ঝড়ের কারণে ভ্রমণের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ অবস্থা তৈরি হওয়ার এবং তুষারপাত, বৃষ্টির পানি জমে যাওয়া এবং ঝড়ো হাওয়ার কারণে সম্ভাব্য বিদ্যুৎ বিভ্রাট ঘটার আশংকা রয়েছে

বিপজ্জনক অবস্থার কারণে নিউ ইয়র্কবাসীকে বাফেলো ও ওয়াটারটাউন এলাকায় বৃহস্পতিবার সন্ধ্যা থেকে শুক্রবার পর্যন্ত অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানানো হচ্ছে

বৃহস্পতিবার বিকাল 4টা থেকে শুরু করে, NYS থ্রুওয়ে (I-90) এর এক্সিট 46 (রচেস্টার - I-390) থেকে এক্সিট 61 (রিপলে - শর্টম্যান রোড) পর্যন্ত অংশে সব বাণিজ্যিক ট্রাফিক নিষিদ্ধ করা হয়েছে

স্টেট সংস্থাগুলোকে জরুরি সাড়াদান সম্পদ প্রস্তুত করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ বৃহস্পতিবার সকাল থেকে রবিবার পর্যন্ত আপস্টেট নিউ ইয়র্কের কিছু এলাকায় তীব্র লেক ইফেক্ট তুষারপাত আঘাত হানার ব্যাপারে শীতকালীন ঝড়ের পূর্বাভাসের আগেই জরুরি অবস্থা জারি করার ব্যাপারে তার পরিকল্পনা ঘোষণা করেছেন। বৃহস্পতিবার ও শুক্রবারে সবচেয়ে বেশি তুষারপাত হবে বলে আশংকা করা হচ্ছে, যেখানে ঘণ্টায় তিন ইঞ্চি হারে তুষারপাত হয়ে বাফেলো এলাকায় তিন ফুট পর্যন্ত এবং ওয়াটারটাউন এলাকায় দুই ফুট পর্যন্ত বরফ জমা হতে পারে। পূর্বাভাসে জানানো তুষারপাত, বরফ ও ঝড়ো হাওয়ার সম্মিলনের কারণে ঝড়ের ফলে ভ্রমণের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ অবস্থা এবং স্থানীয় পর্যায়ে বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার আশংকা রয়েছে। গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে সতর্ক থাকার জন্য এবং বৃহস্পতিবার সন্ধ্যা থেকে শুক্রবার পর্যন্ত বাফেলো ও ওয়াটারটাউন এলাকায় অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকার জন্য সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির কিছু অংশ এই মৌসুমের প্রথম তুষারঝড়ের সম্মুখীন হতে যাচ্ছে, যার মানে হচ্ছে এসব প্রভাবিত এলাকার প্রত্যেক ব্যক্তিকে ভ্রমণের জন্য বিপজ্জনক অবস্থার সম্মুখীন হওয়ার জন্য প্রস্তুত থাকতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "আমি ও আমার টিম ঝড় আসার আগেই জরুরি সাড়াদান সম্পদ মোতায়েন করছি, স্থানীয় কর্মকর্তাদের সঙ্গে প্রতিনিয়ত যোগাযোগ রক্ষা করছি, এবং পূর্বাভাস সম্পর্কে অত্যন্ত মনোযোগী রয়েছি। নিউ ইয়র্কবাসীদের উচিত হবে ঝড়ের আগেই সতর্কতা অবলম্বন করা এবং বিপজ্জনক অবস্থার সময়ে অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকা।"

বুধবার সকাল থেকে লেক ইফেক্ট তুষারপাত সংক্রান্ত সতর্কীকরণ এবং শীতকালীন ঝড় পর্যবেক্ষণ কার্যকর রয়েছে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি অঞ্চলের কয়েকটি কাউন্টিতে রবিবার সন্ধ্যা পর্যন্ত এটি অব্যাহত থাকবে। বুধবার নাগাদ, জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) পূর্বাভাসে এই ঝড় চলাকালীন সময়ে কয়েক ফুট পর্যন্ত বরফ জমা হবে বলে আশংকা প্রকাশ করা হয়েছে।

আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পর্যবেক্ষণ ও সতর্কবার্তার পূর্ণাঙ্গ তালিকা পেতে, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার জ্যাকি ব্রে বলেন, "সাম্প্রতিক সময়ে অযৌক্তিক উষ্ণ আবহাওয়া পার করা সত্ত্বেও, আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে এখানে শীতকাল চলে এসেছে। এই ঝড়কে ছোট করে দেখবেন না। আমরা আশংকা করছি এই সময়ে তীব্র তুষারপাতের কারণে এবং ঝড় চলাকালীন সময়ে উল্লেখযোগ্য পরিমাণে বরফ জমা হওয়ার কারণে ভ্রমণের জন্য ঝুঁকিপূর্ণ অবস্থা তৈরি হবে। এখনি সময় প্রস্তুতি নেওয়ার এবং একটি পরিকল্পনা তৈরি করার। প্রভাবিত এলাকার নিউ ইয়র্কবাসীদের মধ্যে যারা এই সপ্তাহে ভ্রমণ করতে বাধ্য হবেন, তাদের উচিত তাড়াহুড়া না করা এবং যাতায়াতের জন্য বাড়তি সময় হাতে রাখা। এবং আমাদের সবার উচিত আমাদের প্রতিবেশীদের খোঁজখবর নেওয়া, বিশেষ করে অসহায় প্রতিবেশীদের, যাতে এই পূর্বাভাস অনুযায়ী শীতকালীন আবহাওয়ার জন্য প্রস্তুতি গ্রহণ করতে তাদেরকে সাহায্য করা যায়।"

এজেন্সির প্রস্তুতি

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস আবহাওয়া ও যাতায়াতের অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে, স্টেট এজেন্সির সাড়াদান কার্যক্রমের সমন্বয়সাধন করছে, এবং এই দুর্যোগের আগে স্থানীয় সরকারগুলির সাথে যোগাযোগ রাখছে।

স্টেটের অফিস অব ইমারজেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management)-এর ইমার্জেন্সি অপারেশন্স সেন্টার বৃহস্পতিবার চালু করা হবে এবং ঝড়ের সাথে সম্পর্কিত

যেকোনো প্রয়োজনে সহায়তা করার জন্য অঞ্চলগুলোতে সম্পদ মোতায়েনের জন্য স্টেটের মজুদ প্রস্তুত রয়েছে।

স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর (Office of Fire Prevention and Control) মোতায়েন করার জন্য যানবাহন, UTV ও সরঞ্জাম প্রস্তুত করবে এবং প্রয়োজন অনুযায়ী পারষ্পরিক সহায়তার অনুরোধে সাড়াদান করবে।

পরিবহন বিভাগ (Department of Transportation)
স্টেটের পরিবহন বিভাগ 3,287 জন সুপারভাইজার ও অপারেটর নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুতি নিচ্ছে। কর্মীদেরকে প্রয়োজন অনুযায়ী যেকোনো ধরনের রেসপন্স ক্রু হিসেবে, যেমন তুষার ও বরফ সরানো, ড্রেনেজ, চিপার, লোড ও হল, এবং কাট ও টস ইত্যাদি কাজের জন্য, বিন্যস্ত করা যাবে। সেইসাথে, আসন্ন দুর্যোগের প্রতি সাড়াদান প্রক্রিয়ায় সহায়তা করার জন্য 75 জন ইনসিডেন্ট কমান্ড সিস্টেম কর্মী লভ্য রয়েছে।

সংকটপূর্ণ এলাকাগুলোতে লেক ইফেক্ট তুষারপাতের প্রতি সাড়াদানে সহায়তা করতে বুধবার অন্যান্য অঞ্চল থেকে 50 জন প্লাউ ট্রাক অপারেটর/সুপারভাইজার, ছয় জন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর এবং চারজন ফ্লিট মেকানিক সহ মোট 60 জন কর্মী মোতায়েন করা হবে। তাদেরকে নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

- **ওয়েস্টার্ন NY:**
    - 40 জন প্লাউ ট্রাক অপারেটর/সুপারভাইজার, দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর এবং চারজন ফ্লিট মেকানিক পাচ্ছে।
- **ফিঙ্গার লেকস:**
    - সাতজন প্লাউ অপারেটর এবং দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
- **নর্থ কান্ট্রি:**
    - তিনজন প্লাউ অপারেটর এবং দুইজন ইক্যুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে

বাইরের অঞ্চলগুলো থেকে আসা সব সংস্থান বুধবার বিকাল বা সন্ধ্যার মধ্যে যথাস্থানে পৌঁছে যাবে। পুরো সময়জুড়ে অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সংস্থান ও সরঞ্জাম বরাদ্দের প্রয়োজন পুনর্মুল্যায়ন করা অব্যাহত রাখা হবে।

দুর্যোগ চলাকালীন সময় এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিককে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট ব্যাপী থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নোক্তানুসারে:

- 1522টি বড় প্লাউ ট্রাক
- 140টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 50টি টো প্লাউ

- 329টি বৃহৎ লোডার
- 38টি স্নোব্লোয়ার

স্টেটের পরিবহন বিভাগ বৃহস্পতিবার বিকাল 4টা থেকে শুরু করে নিম্নলিখিত স্থানগুলোতে বাণিজ্যিক যানবাহন চলাচল পুরোপুরিভাবে নিষিদ্ধ করছে।

- ইন্টারস্টেট 190 - রুট 62 থেকে I-90
- ইন্টারস্টেট 290 - সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর
- ইন্টারস্টেট 990 - সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর
- রুট 33 - সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর
- রুট 219 - রুট 39 থেকে I-90
- রুট 400 - সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর
- বাফেলো স্কাইওয়ে রুট 5 - সম্পূর্ণ দৈর্ঘ্য বরাবর
- I-81 - এক্সিট 33 থেকে কানাডিয়ান সীমান্ত - ট্রাকগুলো শুধু ডান লেন ব্যবহার করবে

সর্বশেষ ট্রাফিক এবং ভ্রমণের অবস্থা সম্পর্কে জানতে, 511 নম্বরে ফোন করুন, www.511NY.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। এই অনলাইন সিস্টেম ও মোবাইল অ্যাপে রয়েছে স্টেট রোড ম্যাপ, যা কোন রাস্তাগুলোতে তুষারের কারণে সমস্যা হচ্ছে এবং কোথায় পরিস্থিতি স্বাভাবিক রয়েছে তা নির্দেশ করে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ

থ্রুওয়ে অথরিটির (Thruway Authority) কর্মীরা আসন্ন লেক ইফেক্ট ঝড়ের পূর্বাভাস নিবিড়ভাবে তদারকি করছে এবং স্টেটজুড়ে 657 জন অপারেটর ও সুপারভাইজারকে সঙ্গে নিয়ে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে। এছাড়াও থ্রুওয়ে ওয়েস্টার্ন নিউ ইয়র্কের যেসব এলাকা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা রয়েছে সেসব এলাকায় তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য এটির সিরাকিউস এবং নিউ ইয়র্ক ডিভিশন থেকে বাড়তি কর্মী ও সরঞ্জাম স্থানান্তর ও মোতায়েন করছে। মোতায়েনকৃত সংস্থানের মধ্যে অপারেটর ও সুপারভাইজার, বড় আকারের প্লাউ ট্রাক, এবং বড় আকারের স্নোব্লোয়ার অন্তর্ভুক্ত রয়েছে।

সেইসাথে, তুষার ও বরফ সরানো, ট্রাফিক দুর্ঘটনায় সাড়াদান, জরুরি ব্যবস্থাপনা, এবং রিয়েল-টাইমে ভ্রমণকারীদের তথ্য ব্যবস্থাপনার কাজে সহায়তা করতে ঝড় চলাকালীন সময়ে বাফেলোতে এবং সদরদপ্তরে থ্রুওয়ে ইমার্জেন্সি অপারেশন্স সেন্টারগুলোতে কর্মী মোতায়েন করা হবে।

থ্রুওয়েতে স্টেটব্যাপী সরঞ্জাম সংখ্যা ও রিসোর্সের তালিকা নিচে দেওয়া হলো:

- 346টি বৃহৎ ও মিডিয়াম ডিউটি প্লাউ ট্রাক
- নয়টি টো প্লাউ

- 66টি লোডার
- 132,000 টনেরও বেশি লবণ হাতে রয়েছে

থ্রুওয়েতে গাড়িচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সহ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

বৃহস্পতিবার বিকাল 4টা থেকে শুরু করে, নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (I-90)-এর এক্সিট 46 (রচেস্টার - I-390) থেকে পেনসিলভেনিয়া সীমান্ত পর্যন্ত সব বাণিজ্যিক ট্রাফিক চলাচল নিষিদ্ধ করা হবে। থ্রুওয়ের পূর্বমুখী সব বাণিজ্যিক ট্রাফিককে অবশ্যই এক্সিট 61 (রিপলে - শর্টম্যান রোড) দিয়ে বের হতে হবে।

পূর্ব পাশের পয়েন্টগুলো থেকে পেনসিলভেনিয়া অভিমুখে থ্রুওয়েতে পশ্চিমমুখী বাণিজ্যিক ট্রাফিককে I-390 থেকে I-86 ওয়েস্ট-এ যাওয়ার জন্য এক্সিট 46 (রচেস্টার - I-390) দিয়ে বের হতে হবে।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক সম্পর্কে তথ্য, লাইভ ট্রাফিক ক্যামেরা, ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে৷ আপনি থ্রুওয়ে অথরিটিকে টুইটারে অনুসরণ করতে পারেন: @ThruwayTraffic এবং @NYSThruway এবং ফেসবুকে (Facebook) NYS Thruway Authority।

পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)
DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং আঞ্চলিক কর্মীরা সতর্ক রয়েছেন এবং পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়া দ্বারা প্রভাবিত হওয়া এলাকা ও অবকাঠামোগুলোতে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।
DEC ব্যাককান্ট্রি ব্যবহারকারীদেরকে শীতকালীন অবস্থা সম্পর্কে সচেতন থাকার জন্য এবং প্রস্তুতি নেওয়ার জন্য পরামর্শ দিচ্ছে। একজন হাইকারের শারীরিক সক্ষমতা বা গন্তব্য নির্বিশেষে শীতকালীন হাইকিং এর জন্য নিরাপত্তা এবং প্রস্তুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আরো বেশি উপভোগ্য এবং অধিকতর নিরাপদ অভিজ্ঞতার জন্য শীতকালীন অবস্থার জন্য যথাযথভাবে প্রস্তুতি নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। শীতকালীন হাইকিং সম্পর্কে বাড়তি তথ্য এখানে পাওয়া যাবে।

DEC বৃহৎ পরিমাণে তুষার অপসারণ ও পরিত্যাগের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের মনে করিয়ে দিচ্ছে যে তারা পানির মানকে লবণ, বালি, তেল, আবর্জনা এবং বরফের অন্যান্য অবশিষ্টাংশের মতো দূষণকারী পদার্থ দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা হ্রাস করতে সাহায্য করার জন্য সর্বোত্তম ব্যবস্থাপনার অনুশীলনগুলি যাতে মেনে চলেন। আরো তথ্য এখানে পাবেন৷

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)
নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

জনসেবার বিভাগ (Department of Public Service)
সর্বসাম্প্রতিক দুর্যোগপূর্ণ আবহাওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, সাড়া প্রদান, মেরামত, ও পুনর্বহাল কার্যক্রম পরিচালনার জন্য নিউ ইয়র্কের ইউটিলিটি এজেন্সিগুলোতে এখন প্রায় 5,730 জন কর্মী রয়েছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্কে জাতীয় গ্রিডের সেবাদান অঞ্চলের মধ্যে মোট 230 জন বাড়তি কর্মী নিযুক্ত করা হয়েছে। DPS-এর কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

স্টেট পুলিশ
স্টেট পুলিশ যেসব এলাকা লেক ইফেক্ট তুষারপাতের দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হবে সেসব এলাকায় বাড়তি টহল যোগ করছে, এবং এছাড়াও এসব অঞ্চলে বাড়তি বিশেষায়িত যানবাহন, যেমন ইউটিলিটি টাস্ক ভেহিকেল এবং স্নোমোবাইল মোতায়েন করবে। সব ফোর-হুইল ড্রাইভ যানবাহন মোতায়েন করা হবে, এবং ট্রুপের জরুরি বিদ্যুৎ ও যোগাযোগ সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

শীতকালীন নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

শীতকালীন ভ্রমণ
নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- যদি আপনাকে ভ্রমণ করতেই হয়, আপনার গাড়িতে জীবন-রক্ষাকারী সরঞ্জাম যেমন কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারির বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনার ব্যবহারের জন্য অন্যান্য যোগাযোগের ডিভাইস যেমন সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- শীতকালীন সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহনজনিত দুর্ঘটনা। গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা

নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। অতিরিক্ত সতর্ক থাকুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

- সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।
- গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে। কখনো কোনো স্নোপ্লাউ চালু অবস্থায় এটির সামনে দিয়ে অতিক্রম করার চেষ্টা করবেন না।

ভারী কাজকর্ম

ভারী কাজকর্ম, যেমন বরফ সরানো, ধ্বংসাবশেষ পরিষ্কার করা অথবা গাড়ি ঠেলা, ইত্যাদি হার্ট অ্যাটাকের ঝুঁকি বাড়িয়ে দেয়।

সমস্যা এড়াতে:

- উষ্ণ থাকুন, গরম পোশাক পরুন এবং ঘরের বাইরে কাজ করার সময় ধীর গতিতে কাজ করুন।
- অতিরিক্ত পরিশ্রম এড়াতে ঘন ঘন বিশ্রাম নিন
- যদি আপনি বুকে ব্যথা, শ্বাসকষ্ট, বা আপনার চোয়াল থেকে আপনার বাহুর দিকে চলে যাওয়া ব্যথা, ইত্যাদি অনুভব করেন -- তাহলে থামুন এবং তাৎক্ষণিকভাবে সাহায্য চান।

বিদ্যুৎ বিভ্রাট

- এলাকাভিত্তিক মেরামতের সময়সূচি জানতে আপনার ইউটিলিটির কাছে ফোন করুন

- পরিষেবা ফিরে আসার সময় সার্কিট ওভারলোড হওয়া রোধ করতে লাইট ও অ্যাপ্লায়েন্সগুলো বন্ধ রাখুন বা প্লাগ খুলে রাখুন; কখন বিদ্যুৎ ফিরে আসছে তা জানার জন্য একটি বাতি চালু রাখুন
- যদি শীতকালীন ঝড়ের সময়ে হিটিং চলে যায়, তাহলে আপনার যেসব কক্ষ প্রয়োজন নেই সেগুলো বন্ধ করে দেওয়ার মাধ্যমে উষ্ণতা ধরে রাখুন।

হিটিং সংক্রান্ত সতর্কতা

- বিকল্প তাপের জন্য শুধু নিরাপদ উৎস যেমন ফায়ারপ্লেস, ছোট আকারের ভালো ভেন্টযুক্ত কাঠের বা কয়লার চুলা বা পোর্টেবল স্পেস হিটার ব্যবহার করুন
- সবসময় প্রস্তুতকারকের নির্দেশনা মেনে চলুন
- বিকল্প তাপের উৎস যেমন ফায়ারপ্লেস, উডস্টোভ, ইত্যাদি ব্যবহার করার সময় সবসময় যথাযথ ভেন্টিলেশন রয়েছে তা নিশ্চিত করুন
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন
- একটি অগ্নি নির্বাপক যন্ত্র এবং স্মোক ডিটেক্টর রাখুন এবং সেগুলো কাজ করছে তা নিশ্চিত করুন
- যদি আপনি আপনার হিটিং-এর নিয়মিত জ্বালানির সম্পূরক হিসেবে, অথবা জরুরি পরিস্থিতিতে তাপের উৎস হিসেবে কেরোসিন হিটার ব্যবহার করেন, তাহলে নিম্নলিখিত নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ অনুসরণ করুন:

    - উৎপাদকের নির্দেশনা অনুসরণ করুন
    - আপনার ইউনিটের জন্য শুধু সঠিক জ্বালানি ব্যবহার করুন
    - শুধু ঘরের বাইরে এবং শুধুমাত্র যখন ইউনিটটি ঠাণ্ডা থাকে তখন পুনরায় জ্বালানি ভর্তি করুন
    - হিটারকে আসবাবপত্র এবং অন্যান্য দাহ্য বস্তু থেকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন
    - হিটার ব্যবহার করার সময়, আগুন থেকে সুরক্ষার পদক্ষেপসমূহ এবং ভেন্টিলেশন যথাযথভাবে ব্যবহার করুন

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য ভিজিট করুন https://dhses.ny.gov/safety।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418